কালের কণ্ঠ

তারিখ ২3 AUG 2015
পৃষ্ঠা ৪ কলাম ৮

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ছাত্রলীগেরই এক নেত্রীকে হলছাড়া করলেন সভাপতি

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন নাহার হল থেকে ছাত্রলীগের এক নেত্রীকে বের করে দিয়েছেন হল শাখা ছাত্রলীগের সভাপতি নিশীতা ইকবাল নদী। সভাপতির বিরুদ্ধে ওই নেত্রী শারীরিক নির্যাতনেরও অভিযোগ করেছেন। এ ঘটনার প্রতিকার চেয়ে গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও প্রক্টরের কাছে লিখিত অভিযোগ করা হয়। তবে ওই নেত্রীকে হল থেকে বের করে দেওয়ার কথা স্বীকার করলেও তাঁকে নির্যাতনের কথা অস্বীকার করেন নিশীতা ইকবাল নদী।

চারুকলা অনুষদের একটি বিভাগে দ্বিতীয় বর্ষে অধ্যয়নরত ওই ছাত্রী অভিযোগে বলেন, নিশীতা ইকবাল নদী ইয়াবা ব্যবসার সঙ্গে জড়িত। কিছুদিন থেকে তাঁকেও এ ব্যবসায় সম্পৃক্ত করার জন্য চাপ দিচ্ছিলেন। কিন্তু তিনি এতে রাজি হননি। এ কারণে সরস্বতী পূজার দিন তাঁকে বেধড়ক মারধর করা হয় এবং হল থেকে চলে যেতে বলা হয়। বিষয়টি হল প্রাধ্যক্ষকে জানালে তিনিও কোনো ব্যবস্থা নেননি। পর দিন রাতে আবার শারীরিক নির্যাতন করে তাঁকে হল থেকে বের করে দেন নদী।

অভিযোগের ব্যাপারে নিশীতা ইকবাল নদী বলেন, 'ওই ছাত্রীর চারিত্রিক সমস্যার কারণে হল থেকে বের করা হয়েছে। ইয়াবা ব্যবসার অভিযোগ ভিত্তিহীন।' এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর এম আমজাদ আলী বলেন, দুই পক্ষ পরস্পরবিরোধী কথা বলছে। এ জন্য তদন্ত কমিটি গঠন করে প্রতিবেদনের আলোকে ব্যবস্থা নেওয়া হবে।